# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmlad1@krishibank.org.bd
dgmsme@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০১৯-২০২০/ ১৪৪০ তারিখঃ ২৫/০৬/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরিত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের পত্রসূত্র নং-এসএমইএসপিডি/২০২০/৭১১(COVID-19)-১৮২৫, তারিখঃ ২১/০৬/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত উপরোক্ত পত্রের সারসংক্ষেপ নিম্নরূপঃ

ক) নভেল করোনা ভাইরাস (COVID-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার প্রয়োজনে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর মাধ্যমে ক্ষতিগ্রস্থ সিএমএসএমই প্রতিষ্ঠানসমূহের জন্য চলতি মূলধন হিসেবে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০ কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের নির্দেশনা জারি করা হয় এবং অপেক্ষাকৃত বেশি ক্ষতিগ্রস্থ উদ্যোক্তা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার (Priority) দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।

খ) এছাড়া, চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩০/০৪/২০২০ তারিখে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ অনুসরণপূর্বক দ্রুত ঋণ মঞ্জুর ও বিতরণ কার্যক্রম সম্পাদন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

গ) আলোচ্য প্যাকেজের আওতায় মে, ২০২০ মাসের ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ কার্যক্রম মোটেই সন্তোষজনক নয়। এছাড়া, বিভিন্ন সেক্টরের উদ্যোক্তাগণের নিকট হতে এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানে আগ্রহী নয় এবং বিভিন্ন শাখায় ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ উক্ত প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণের জন্য আবেদন করলেও সংশ্লিষ্ট শাখাসমূহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে না। এ ধারা অব্যাহত থাকলে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন ঝুঁকির মুখে পড়বে যা মোটেই কাম্য নয়।

০৩। এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক সিএমএসএমই খাতে অত্র ব্যাংকের জন্য বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৩৪.০৭ কোটি টাকা নির্ধারণপূর্বক বিভাগওয়ারী বন্টন করে করণীয় সম্পর্কে দিক-নির্দেশনা দিয়ে পত্রসূত্র নং-১১৫৫(১২৫০), তারিখঃ ১৪/০৫/২০২০ জারী করা হয়। মাঠ কার্যালয় হতে প্রেরিত বিবরণী পর্যালোচনায় দেখা যায় মে/২০২০ মাসে উক্ত খাতে বিতরণের পরিমান ৯৭.২৫ লক্ষ টাকা, যা মোট লক্ষ্যমাত্রার মাত্র ০.৭৩%। বিতরণের অর্জন খুবই হতাশাব্যঞ্জক। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত উল্লেখিত খাতে প্রনোদনা প্যাকেজ বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেনঃ

ক) বর্ণিত প্যাকেজের আওতায় ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ব্যাংক বিধি মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে নিস্পত্তি করে ঋণ মঞ্জুরি ও বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে;

খ) অপেক্ষাকৃত বেশী ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা প্রতিষ্ঠানকে উক্ত প্যাকেজের আওতায় ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে;

গ) প্রতিটি শাখায় আবশ্যিকভাবে একটি স্বতন্ত্র হেল্প ডেস্ক গঠন করে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে আর্থিক সহায়তা প্যাকেজ সংক্রান্ত তথ্যাদি প্রদর্শন করতে হবে;

ঘ) প্রতিটি বিভাগীয় কার্যালয়কে সেপ্টেম্বর/২০২০ মাসের মধ্যে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ ডিসেম্বর/২০২০ এর মধ্যে লক্ষ্যমাত্রার ১০০% ভাগ অর্জন নিশ্চিত করতে হবে;

ঙ) ঋণ বিতরণে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর নির্দেশনা এবং অত্র বিভাগের পত্র সূত্র নং-১১৫৫, তারিখঃ ১৪/০৫/২০২০ এর মাধ্যমে বন্টিত লক্ষ্যমাত্রা ও নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০ এ প্রদত্ত নির্দেশাবলী এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক দ্রুততম সময়ে করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে ঋণ মঞ্জুরি ও বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত উল্লেখিত খাতে প্রনোদনা প্যাকেজ বাস্তবায়নে কোনরুপ অনিহা বা শৈথিল্যতা প্রদর্শণ করলে এর দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম দৈনিক ও সাপ্তাহিত ভিত্তিতে নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৫/০৬/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০১৯-২০২০/ ১৪৪০(১২০০) তারিখঃ ২৫/০৬/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৫/০৬/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ওয়েব সাইট ঃ
www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org


ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৫০৯১ তাং ২২/৬/২০২০
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ

সূত্র নং- এসএমইএসপিডি/২০২০/৭১১ (Covid-19)-১৮২৫

তারিখ ঃ ২১ জুন, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-১৯) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা বাস্তবায়ন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার প্রয়োজনে শিরোনামোক্ত সার্কুলারের মাধ্যমে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই প্রতিষ্ঠানসমূহের জন্য চলতি মূলধন হিসেবে স্বল্প সুদে ঋণ/ বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০ কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের নির্দেশনা জারি করা হয় এবং অপেক্ষাকৃত বেশি ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার (Priority) দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এছাড়া, চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩০/০৪/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ অনুসরণপূর্বক দ্রুত ঋণ মঞ্জুর ও বিতরণ কার্যক্রম সম্পাদন করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়।

০৪। আলোচ্য প্যাকেজের আওতায় মে,২০২০ মাসের ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ কার্যক্রম মোটেই সন্তোষজনক নয়। এছাড়া, বিভিন্ন সেক্টরের উদ্যোক্তাগণের নিকট হতে এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানে আগ্রহী নয় এবং বিভিন্ন শাখায় ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ উক্ত প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণের জন্য আবেদন করলেও সংশ্লিষ্ট শাখাসমূহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে না। এ ধারা অব্যাহত থাকলে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন ঝুঁকির মুখে পড়বে যা মোটেই কাম্য নয়।

০৫। এমতাবস্থায়, বর্ণিত প্যাকেজের আওতায় ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহ যাতে ঋণ/বিনিয়োগ সুবিধা দ্রুততম সময়ের মধ্যে গ্রহণপূর্বক উৎপাদন, সেবা ও ব্যবসা পরিচালনা করতে পারে সে লক্ষ্যে আপনাদেরকে জরুরী ভিত্তিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেয়া যাচ্ছেঃ-

ক) যথাসাধ্য সহজ কর্মপন্থা অবলম্বনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে (আগামী ০১-০২ মাসের মধ্যে) ঋণ মঞ্জুরী ও বিতরণের ব্যবস্থা গ্রহণ; এবং

খ) নির্ধারিত ঋণ/বিনিয়োগ সীমা (৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণ স্থিতির সর্বোচ্চ ১০ শতাংশ) চলতি মূলধন হিসেবে প্রদানের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত একটি **Time Bound Action Plan** আগামী ২৫/০৬/২০২০ তারিখের মধ্যে অত্র ডিপার্টমেন্টে প্রেরণ করা।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ আরিফুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০১৭১৯৬৮১৪১৪
ই-মেইলঃ md.arifuzzaman@bb.org.bd


উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ১২৮৩ তারিখ ২২/৬/২০২০
ডিএমডি-১